**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**26 OCTOBER 2024** **7:35 AM IST**

================================================================================

আসামের পাঁচটি বিধানসভা আসনের জন্য আগামী ১৩ নভেম্বর অনুষ্ঠেয় উপনির্বাচনের মনোনয়নপত্র দাখিল প্রক্রিয়া গতকাল সমাপ্ত হয়েছে ।গতকাল শেষ দিনে ২৪ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন ।উপনির্বাচনের জন্য সবকটি রাজনৈতিক দল তথা নির্দল প্রার্থী সহ মোট ৩৮ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন । ধলাই বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য গতকাল; মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে কোনো প্রার্থী মনোনয়ন পত্র জমা দেননি । এর পরিপ্রেক্ষিতে এই আসনে মোট পাঁচজন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । প্রার্থীরা হচ্ছেন- ভারতীয় জাতীয় কংগ্রেসের ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, ভারতীয় জনতা পার্টির নীহার রঞ্জন দাস, এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের গৌরচন্দ্র দাস এবং দুজন নির্দল প্রার্থী- অমিয় কান্তি দাস এবং অমলেন্দু দাস ।

---

রাজ্যে আগামীকাল অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চতুর্থ শ্রেণীর পদের জন্য মোট ১৩ লক্ষ ৭৯ হাজার ১৩২জন প্রার্থী পরীক্ষায় অবতীর্ণ হবেন ।রাজ্যের ২৮টি জেলায় ৪২টি বিভাগের মোট পাঁচ হাজার ২৩টি খালি পদের জন্য এই পরীক্ষা অনুষ্ঠিত হবে । আগামীকাল সকাল ন'টা থেকে দশম শ্রেণী উত্তীর্ণদের জন্য এবং বেলা দেড়টা থেকে অষ্টম শ্রেণী উত্তীর্ণদের জন্য পরীক্ষা অনুষ্ঠিত হবে

।পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনগুলোর পক্ষ থেকে বেশ কিছু নির্দেশ জারি করা হয়েছে ।

---

আগামী কাল শিলচরে অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় যোগ দিতে হাইলাকান্দি জেলার প্রার্থীদের জন্য ট্রেন এবং ট্রেভেলার বাসের ব্যবস্থা করা হয়েছে । প্রশাসনের উদ্যোগে ট্রেনটি আগামীকাল ভোর চারটেয় হাইলাকান্দি জেলার জামিরা থেকে যাত্রা শুরু করে ভোর ৫ টায় হাইলাকান্দি রেলষ্টেশন হয়ে শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে ।এ ছাড়া জেলার চারটি বাসষ্ট্যান্ড থেকে পাচ মিনিট পর পর বাস শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে ।হাইলাকান্দি শহরের কলেজ রোড বাস ষ্ট্যান্ড থেকে ভোর পাচটায় ১০ থেকে ১৫ মিনিট পর পর ৩৫ টি ট্র্যাভেলার বাস কাঠাখাল হয়ে চালানো হবে ।এছাড়া শহরের গাছতলা বাস ষ্ট্যান্ড থেকে ২০ টি ট্রেভেলার বাস ধোয়ারবন্দ হয়ে শিলচরের উদ্দেশ্যে রোয়ানা দেবে ।অনুরুপভাবে লালা বাজার বাস ষ্ট্যান্ড থেকে ১০ টি ক্রুইজার ধোয়ারবন্দ হয়ে শিলচরের উদ্দেশ্যে রোয়ানা দেবে । ঘারমুরা থেকে কাঠাখাল হয়ে ১৫ টি ট্রেভেলার বাস চালানো হবে । এদিকে হাইলাকান্দি থেকে যাওয়া ট্রেনটি বিকেল প্রায় সাড়ে তিনটেয় হাইলাকান্দির উদ্দেশ্যে যাত্রা করার সম্ভাবনা রয়েছে ।

হাইলাকান্দি জেলায় এবার ১৯ হাজার ৪২১ জন প্রার্থী শিলচর পরীক্ষা কেন্দ্রগুলিতে নিয়োগ পরীক্ষায় অবতীর্ন হবে ।

---

করিমগঞ্জ জেলার ২৯টি কেন্দ্রে আগামীকাল অনুষ্ঠেয় অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চর্তুথ শ্রেণীর পদের পরীক্ষা সুষ্টভাবে সম্পন্ন করতে করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে আগামীকাল সকাল ৬টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী ও অনুমোদিত ব্যাক্তি ছাড়া কোন ব্যাক্তি ভীড় জমাতে পারবেন না । এছাড়া

পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোন ব্যাক্তি মোবাইল ফোন , ইলেকট্রনিক সামগ্রী নিয়ে প্রবেশ করতে পারবেন না বলে জানানো হয়েছে ।
এদিকে পরীক্ষা কেন্দ্রে প্রার্থীদের নির্বিঘ্নে আসা-যাওয়া সুনিশ্চিত করতে শহরের পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী জনবহুল বাজারগুলি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে । করিমগঞ্জের চক্র আধিকারীক কাল সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত করিমগঞ্জ শহরের সন্তর বাজার সংলগ্ন জাতীয় সড়কের পাশের ব্রিজ রোডের বাজার , স্টেশন রোড ও করিমগঞ্জ কলেজের পাশের অস্থায়ী বাজার ও দোকান বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন । এছাড়া শহরের নো-পার্কিং জোনে  কোন ধরনের যান বাহন রাখা যাবে না বলে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলোয়ে আগামীকাল অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার জন্য এবং অতিরিক্ত ভীড় সামাল দিতে পাঁচ জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আগামীকাল বিশেষ যাত্রী ট্রেন সকাল চারটায় করিমগঞ্জ থেকে যাত্রা করে ৬টা ৪০ মিনিটে শিলচর পৌঁছবে এবং ট্রেনটি রাত নটায় শিলচর থেকে যাত্রা করে রাত ১১টা ৪০ মিনিটে করিমগঞ্জ এসে পৌঁছবে ।

---

আসাম সরকারের কর্মচারীদের দীপাবলী উপলক্ষে আগামী সোমবার থেকে এমাসের বেতন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গতকাল সামাজিক মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা দীপাবলীর আগাম শুভেচ্ছা জানিয়ে বেতন প্রদানের এই তথ্য জানিয়েছেন।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর ‘মন কী বাত’ অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের কাছে নিজের মনের ভাব ব্যক্ত করবেন । এটি

হবে 'মন কী বাত' অনুষ্ঠানের ১১৫তম সংস্করণ ।আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্কের পাশাপাশি আকাশবাণী নিউজের ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমেও এই অনুষ্ঠান সম্প্রচার করা হবে । আকাশবাণী ও দূরদর্শনের নিউজ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ইউটিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবাণীর মাধ্যমে অনুষ্ঠানটি প্রচার হওয়ার অব্যবহিত পরেই এই অনুষ্ঠানের আঞ্চলিক ভাষার রূপান্তর প্রচার করা হবে ।

---

অষ্টম চলচিত্রম জাতীয় চলচ্চিত্র মহোৎসব ২০২৪ আজ থেকে  গৌহাটীর জ্যোতি চিত্রবনে অনুষ্ঠিত হবে ।কটন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রমেশ চন্দ্র ডেকা আজ এই মহোৎসবের উদ্বোধন করবেন । দুদিন ব্যাপী আয়োজিত এই মহোৎসবে ৫০ টি তথ্য চিত্র ও স্বল্প দৈর্ঘ্যের ছবি প্রদর্শন করা হবে । প্রতিযোগিতা ও প্রদর্শনী এই দুটি শাখায় ছবিগুলি প্রদর্শন করা হবে । বিশ্ব সংবাদ কেন্দ্র , আসামের সহযোগী প্রতিষ্ঠান চলচ্চিত্রমের উদ্যোগে আয়োজিত এই মহোৎসবের মূল বিষয়বস্তু হচ্ছে  আমাদের ঐতিহ্য আমাদের গৌরব । চলচ্চিত্রের মাধ্যমে জাতীয়তাবাদকে উৎসাহিত করা সহ ভারতের কয়েক হাজার বছর পুরোণো সভ্যতা , সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরার উদ্দেশ্যে এই মহোৎসবের আয়োজন করা হয়েছে ।

---

---